দৈনিক ইত্তেফাক

২৪/১০/২০০১

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

৫৭০ জন শিক্ষকের বিবৃতি

# বিশ্ববিদ্যালয়ে ৫ বছরের অনিয়ম দুর্নীতি তদন্তের দাবী

গণতান্ত্রিক শিক্ষক পরিষদের ৫৭০ জন শিক্ষক গতকাল মঙ্গলবার এক বিবৃতিতে গত ৫ বছরে দেশের

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়ে ৫ বছরের

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়গুলির অনিয়ম, দলীয়করণ ও দুর্নীতির তদন্তের জোর দাবী জানাইয়াছেন। বিবৃতিতে শিক্ষকগণ নির্বাচনের পর জাতির উদ্দেশে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ভাষণকে ঐতিহাসিক বলিয়া উল্লেখ করিয়া বলেন, এই ভাষণে রহিয়াছে নিজ দলের মন্ত্রী, এমপি ও নেতাকর্মীদের জন্য কর্মে ঝাঁপাইয়া পড়ার পথনির্দেশনা। সেইসঙ্গে রহিয়াছে তাঁহারা যদি কোন অপকর্ম করেন তাহার জন্যও হুঁশিয়ারিসংকেত। জনগণ একজন প্রধানমন্ত্রীর ভাষণ হইতে যা জানিতে চান তাই যেন তিনি ব্যক্ত করিয়াছেন। তাহাদের মনের কথাই যেন প্রধানমন্ত্রীর মুখ দিয়া বাহির হইয়া আসিয়াছে। বিবৃতিতে স্বাক্ষর করিয়াছেন প্রফেসর জসীম উদ্দিন আহম্মেদ, প্রফেসর এম আবদুল কাদের ভুঁইয়া, প্রফেসর ডঃ খলিলুর রহমান, প্রফেসর আসাদুজ্জামান, প্রফেসর মোঃ ইনাম উদ্দিন, প্রফেসর আবদুল আওয়াল, প্রফেসর আবু সাঈদ খান, প্রফেসর আবদুল গনি প্রমুখ। - প্রেস বিজ্ঞপ্তি